

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সমন্বয় অধিশাখা
www.mole.gov.bd

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১-এর ২য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি ও সিটিজেন
চার্টার বাস্তবায়ন বিষয়ক ফিডব্যাক সভার কার্যবিবরণী।

সভাপতি: শাকিলা জেরিন আহমেদ
যুগ্মসচিব (সমন্বয় ও আদালত)
ও
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

সভার স্থান: সভাকক্ষ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

সভার তারিখ: ২৬ জানুয়ারি ২০২১

সময়: সকাল ১১.৩০ ঘটিকায়

সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা: পরিশিষ্ট ‘ক’

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, রাষ্ট্রীয় জীবনে সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচার চর্চা একটি অপরিহার্য কৌশল। মূলত নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষই হলো শুদ্ধাচার। প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার লক্ষ্যে কর্ম-পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন অ্যান্ট জনুয়ারী। তিনি আরও বলেন, মন্ত্রিপরিষদ বিভাগে বিগত ৫ জানুয়ারি ২০২১ এ অনুষ্ঠিত শুদ্ধাচার বিষয়ক ফিডব্যাক প্রশিক্ষণে অধিদপ্তর/দপ্তর/সংস্থার অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS), অংশীজনের (Stakeholders) অংশগ্রহণের সভা, গণশুশানি ও পরিদর্শন ইত্যাদি কার্যক্রম অধিকরণ কার্যকর করার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণের বিষয়ে গুরুত্বারোপ করা হয়।

২। সভাপতির অনুমতিক্রমে এ মন্ত্রণালয়ের উপসচিব (আদালত) ও বিকল্প শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা অধিদপ্তর/দপ্তর/সংস্থার ২০২০-২১ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ও অগ্রগতির প্রতিবেদন সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন। সভায় অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের ২০২০-২১ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২য় কোয়ার্টারের কার্যক্রমসমূহের পর্যালোচনা দেখা যায়, লক্ষ্যমাত্রা অনুযায়ী দু'একটি ক্ষেত্র ব্যক্তিত ব্যবস্থা করে কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। যে-সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থার তার কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি সে সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থার কার্যক্রমসমূহ ওয় কোয়ার্টারে অর্জনের জন্য নির্দেশনা প্রদান করা হয়। অধিদপ্তর/দপ্তর/সংস্থার আওতাধীন মাঠপর্যায়/আঞ্চলিক কার্যালয় সকল কার্যক্রম স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে মনিটরিং কার্যক্রম জোরদারের নির্দেশনা প্রদান করেন। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

- (ক) মন্ত্রিপরিষদ বিভাগের বিগত ৫ জানুয়ারি ২০২১ এ অনুষ্ঠিত শুদ্ধাচার ফিডব্যাক প্রশিক্ষণে দপ্তর/সংস্থার অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS), অংশীজনের (Stakeholders) অংশগ্রহণের সভা, গণশুশানি ও পরিদর্শন কার্যক্রম ইত্যাদি আরও কার্যকর করতে হবে এবং এ বিষয়ে মন্ত্রণালয়কে অবহিত রাখতে হবে;
- (খ) অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১-এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতি কোয়ার্টারের পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে প্রমাণকসহ মন্ত্রণালয়ে প্রেরণ এবং আঞ্চলিক/মাঠপর্যায় কার্যালয়কে দপ্তর/সংস্থায় প্রেরণ করতে হবে;
- (গ) সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা ও তাঁর মাঠপর্যায়/আঞ্চলিক কার্যালয়ে নিয়মিতভাবে স্ব-স্ব সেবা প্রদান প্রতিশুতি (সিটিজেনস চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ করতে হবে;
- (ঘ) কর্ম-পরিকল্পনা অনুযায়ী অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের ওয়েবসাইট সমৃদ্ধকরণ ও নিয়মিতভাবে হালনাগাদ এবং তথ্য আপলোড করতে হবে;

- (ঙ) সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থার আওতাধীন মাঠপর্যায়/আঞ্চলিক কার্যালয়ে সকল কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে;
- (চ) অধিদপ্তর/দপ্তর/সংস্থা ও তার আওতাধীন মাঠপর্যায়/আঞ্চলিক কার্যালয়ে শতভাগ ই-নথি ব্যবহার নিশ্চিতকরণ ও অনলাইন সিস্টেমে প্রাপ্ত অভিযোগ দুট নিষ্পত্তি করতে হবে; এবং
- (ছ) উত্তম চর্চা বাস্তবায়ন ও সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণিবিন্যাস এবং নথি বিনষ্ট করতে হবে।

৩। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬।১।২০২৭
শাকিলা জেরিন আহমেদ
যুগ্মসচিব (সমন্বয় ও আদালত)

ও
শুক্রাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়